

(D)

M.A./P-II/ Beng-V/DODL/13

২০১৩

বাংলা

পঞ্চম পত্র

পূর্ণমান-৯০

সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রতিটি পর্ব থেকে অন্ততঃ একটি করে মোট ছ'টি প্রশ্নের উত্তর দাও।  
প্রশ্নগুলি সমমানের।

পর্ব - ১

১। 'জনা' নাটকের সংলাপ সৃষ্টিতে নাট্যকার গিরিশচন্দ্রের নৈপুণ্যের  
পরিচয় দাও। ১৫

অথবা

'জনা' নাটকে অপ্রধান চরিত্রগুলির গুরুত্ব নির্দেশ করো।

২। 'নুরজাহান' নাটক অবলম্বনে নাট্যদ্বন্দ্ব সৃষ্টিতে নাট্যকারের সাফল্যের  
পরিমাপ করো। ১৫

অথবা

“এ জয়ে তোমার গৌরব নাই।— আমি দুর্বল নারী মাত্র। তুমি বীর,  
তুমি পুরুষ। আর আমি যাই হই, নারী মাত্র। এ জয়ে তোমার  
পৌরুষ নাই। আমি অবনতশিরে আমার পরাজয় স্বীকার করি।”—  
বক্তা কে? তাঁর জীবনের কোন্ প্রেক্ষিতে তিনি এই অবস্থার সম্মুখীন  
হয়েছেন তা আলোচনা করে বুঝিয়ে দাও। ২+১৩

[Turn over



পর্ব - ২

- ৩। 'সংলাপ-বৈচিত্র্যের দ্বারা নাট্যরস সৃষ্টিতে রবীন্দ্রনাথের 'চণ্ডালিকা তুলনারহিত।'— আলোচনা করো। ১৫

অথবা

'চণ্ডালিকা' নাটিকার গঠনশৈলী বিশ্লেষণ করো।

- ৪। 'ছেঁড়া তার' নাটকের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করে নাটকের শিরোনামটি সার্থক হয়েছে কি না বলো। ১৫

অথবা

সমকালীন রাজনৈতিক আন্দোলন, দ্বিতীয় বিশ্বযুদ্ধ, মনস্তত্ত্বের কিভাবে 'ছেঁড়াতার' নাটকে উঠে এসেছে তা আলোচনা করো।

- ৫। 'বঙ্গদর্শন' পত্রিকা দেশের কোন্ কোন্ সম্প্রদায়ের মধ্যে সম্প্রীতি চেতনা গড়ে তুলেছিল তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১৫

অথবা

এদেশের মানুষের কল্যাণে ডেভিড হেয়ারের অবদান সম্পর্কে আলোকপাত করো।

- ৬। 'সংস্কৃতির রূপান্তর' গ্রন্থানুসরণে 'সাম্রাজ্যবাদের সংকট' সম্পর্কে লেখকের অভিমতের মূল্যায়ন করো। ১৫

অথবা

'সমাজতন্ত্রই ভবিষ্যৎ'— 'সংস্কৃতির রূপান্তর' গ্রন্থে লেখকের এই মন্তব্যের গ্রহণযোগ্যতা যাচাই করো।

- ৭। প্রমথ চৌধুরীর 'চারইয়ারি কথা' গল্পটি চারটি গল্পের সমাহার হলেও ছোটগল্পের লক্ষণাক্রান্ত— বিচার করো। ১৫



অথবা

জগদীশ গুপ্তের 'শঙ্কিতা অভয়া' গল্প অবলম্বন করে অভয়ার শঙ্কার কারণ ও তার স্বরূপ ব্যাখ্যা করো।

ছোটগল্প হিসেবে 'দুই রাত্রি' গল্পটির শিল্পসার্থকতা সম্পর্কে তোমার অভিমত যুক্তিসহ উপস্থাপন করো। ১৫

অথবা

“জীবনসংগ্রাম, শ্রমের মহত্ত্ব, মানবসম্পর্কের অপ্রতিরোধ্য আবেগ 'পাড়ি' গল্পের মূল বিষয়।”—আলোচনা করো।

---

২০১৪  
বাংলা  
পঞ্চম পত্র

পূর্ণমান-৯০

সময়- ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলি সমমানের।

প্রতিটি পর্ব থেকে অন্ততঃ একটি করে মোট ছাঁটি প্রশ্নের উত্তর দাও।

## পর্ব - ১

- ১। 'জনা' নাটকের ভক্তিরস সৃষ্টিতে নাট্যকার কতটা সফল হয়েছেন—  
আলোচনা করো। ১৫

অথবা

'জনা' নাটকে বিদূষক চরিত্রটি কোন্ প্রয়োজন সিদ্ধ করেছে তা  
বুঝিয়ে দাও।

- ২। 'নুরজাহান' নাটকের অনুসরণে মেহেরুন্নেসার নুরজাহানে রূপান্তর-  
পর্বটির নাট্যিক গুরুত্ব ব্যাখ্যা করো। ১৫

অথবা

'নুরজাহান' নাটকে পাশ্চাত্য প্রভাব দৃষ্টান্তসহ আলোচনা করো।



পর্ব - ২

- ৩। 'চণ্ডালিকা' নাটকে প্রকৃতির ভূমিকা বিশেষ গুরুত্বপূর্ণ।— এই অভিমতটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

অথবা

অস্পৃশ্যতা, কুসংস্কার এবং মানবিক ধর্মের বিরুদ্ধে 'চণ্ডালিকা' নাটকে রবীন্দ্রনাথের দৃষ্ট অভিমত কীভাবে ব্যক্ত হয়েছে তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ১৫

- ৪। 'ছেঁড়াতার' নাটকের করুণ পরিণতির জন্য ফুলজানের ভূমিকা কতটা তা নিজের ভাষায় আলোচনা করো। ১৫

অথবা

'ছেঁড়াতার' নাটকে সংযোজিত গানগুলির গুরুত্ব বিচার করো।

পর্ব - ৩

- ৫। যাত্রাভিনয়ের উদ্ভব ও বিকাশের ইতিহাস 'যাত্রার ইতিবৃত্ত' প্রবন্ধের অনুসরণে আলোচনা করো। ১৫

অথবা

নানা ভাষাভাষী ভারতবাসীর জীবনে একত্রিত অবস্থানের উপায়গুলি কেশবচন্দ্র সেনের 'ভারতবাসীদিগের একতার উপায়' প্রবন্ধ অনুসরণে আলোচনা করো।

- ৬। প্রাবন্ধিক গোপাল হালদার 'বিশ্ববিপ্লব' ও 'বিশ্বশান্তি' বলতে কী বুঝিয়েছেন, তা বিশদভাবে বুঝিয়ে দাও। ১৫

অথবা

সমাজ, সভ্যতা, সংস্কৃতির প্রসারে মানব সম্পদের গুরুত্ব কতটা তা বুঝিয়ে লেখো।

পর্ব - ৪

- ৭। প্রেমেন্দ্র মিত্র রচিত 'পুল্লাম' গল্পটির অভিনবত্ব বিচার করো। ১৫

অথবা

নারায়ণ গঙ্গোপাধ্যায় রচিত 'ভাঙা চশমা' গল্পটির নামকরণ কতটা সার্থক তা যুক্তিনিষ্ঠভাবে আলোচনা করো।

- ৮। রমাপদ চৌধুরীর 'ভারতবর্ষ' গল্পটির বিষয়বস্তুর নিরিখে গল্পটির নামকরণের সার্থকতা কোথায় তা বুঝিয়ে দাও। ১৫

অথবা

'অশ্বমেধের ঘোড়া' গল্পে দীপেন্দ্রনাথ সামাজিক অভিঘাতে আর্ত সময়ের যে মর্মস্পর্শী ছবিটি তুলে ধরেছেন তা নিজের ভাষায় বিবৃত করো।



5(D)

MA/Pt-II/BNG-V/DODL/15

২০১৫  
বাংলা  
পঞ্চম পত্র

পূর্ণমান-৯০

সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলি সমমানের।

প্রতিটি পর্ব থেকে অন্তত: একটি করে মোট ছ'টি প্রশ্নের উত্তর দাও।

পর্ব - ১

- ১। পৌরাণিক নাটকরূপে 'জনা' কতদূর সার্থক— তা' দৃষ্টান্ত সহযোগে আলোচনা করে বুঝিয়ে দাও। ১৫

অথবা

'জনা'— নাটকের জনা ও নীলধ্বজ চরিত্র চিত্রণে নাট্যকারের সাফল্য ও ব্যর্থতা নির্ণয় করো।

- ২। 'নুরজাহান' নাটকের গঠনকৌশল আলোচনা করো। ১৫

অথবা

সেলিম (জাহাঙ্গীর) চরিত্রটি 'নুরজাহান' নাটকে কেন 'অত্যধিক নিষ্প্রভ ও নিষ্ক্রিয়' তার কারণগুলি বিশ্লেষণ করো।

[Turn over]



পর্ব - ২

- ৩। 'চণ্ডালিকা'— নাটকে মা ও মেয়ের মানসদ্বন্দ্বের রূপটি দৃষ্টান্ত সহযোগে ব্যাখ্যা করো। ১৫

অথবা

'চণ্ডালিকা'— নাটকে 'আনন্দ' চরিত্রটির গুরুত্ব নির্ধারণ করো।

- ৪। 'ছেঁড়া তার'— নাটকের নামকরণ কতদূর সার্থক— তা' নাট্যকাহিনী ও নাট্যচরিত্রগুলি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১৫

অথবা

'ছেঁড়া তার'— নাটকের সংলাপ সৃজনে দৃষ্টান্তসহ নাট্যকারের সাফল্য ও ব্যর্থতার সার্বিক মূল্যায়ন করো।

পর্ব - ৩

- ৫। 'বঙ্গদর্শন-এর পত্রসূচনা' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র নব্য লেখকদের প্রতি যে আহ্বানগুলি রেখেছেন, তা' নিজের ভাষায় আলোচনা করো। ১৫

অথবা

ভারতবন্ধু ডেভিড হেয়ার কীভাবে বাংলাদেশের শিক্ষা প্রসারে নিজেকে নিঃশেষ করে দিয়েছিলেন, তা' প্যারীচাঁদ মিত্র লিখিত 'ডেভিড হেয়ারের জীবনচরিত'— প্রবন্ধ অনুসরণে ব্যাখ্যা করো।

- ৬। সংস্কৃতির অঙ্গ বলতে কী বোঝায়? এই অঙ্গ কয় প্রকার? — আলোচনা করো। ১৫

অথবা

সংস্কৃতির বিকাশে ইতিহাসের ভূমিকা নিরূপণ করো।



পর্ব - ৪

- ৭। জগদীশ গুপ্ত রচিত 'শঙ্কিতা অভয়া'— গল্পটি কোন্ কোন্ দিক থেকে বিশেষ তাৎপর্যবাহী— তা' আলোচনা করে বুঝিয়ে দাও।

১৫

অথবা

বনফুল রচিত 'নিমগাছ'— গল্পটির নামকরণ কতদূর সঙ্গত হয়েছে — তা' পর্যালোচনা করো।

- ৮। 'সুবোধ ঘোষের 'সুন্দরম'— গল্পটি নানা দিক থেকে অভিনবত্বের দাবি রাখে।'— এই অভিমতটির গুরুত্ব বিচার করো। ১৫

অথবা

সমরেশ বসুর 'পাড়ি'— গল্পটি সম্পূর্ণ ভিন্ন আঙ্গিক ও মাত্রা নিয়ে বৈচিত্র্যমন্ডিত হয়ে উঠেছে। গল্পটি বিশ্লেষণ করে মন্তব্যটির যথার্থতা সপ্রমাণ করো।

। — এদের

5(D)/i

M.A./Part-II/ Beng/P-V/DODL/16

রা। ১৫

২০১৬

বাংলা

পঞ্চম পত্র

গা যেভাবে

পূর্ণমান-৯০

সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলি সমমানের।

প্রতিটি পর্ব থেকে অন্ততঃ একটি করে মোট ছ'টি প্রশ্নের উত্তর দাও।

পর্ব - ১

- ১। গিরিশচন্দ্র ঘোষের 'জনা' নাটকে ক্রোড়ঙ্কের গুরুত্ব - তথ্য ও যুক্তিসহ আলোচনা করো। ১৫

অথবা

'জনা' নাটকের ভক্তিরস সৃষ্টিতে নাট্যকারের সাফল্য আলোচনা করো।

- ২। 'নুরজাহান' নাটকে পাশ্চাত্য প্রভাব কিভাবে নাটকের পরিণতিতে পরিস্ফুট হয়েছে তা বিশ্লেষণ করো। ১৫

অথবা

'নুরজাহান' নাটকে মহাবৎ খা এবং লয়লা এই দুটি অপ্রধান চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

[Turn over]



পর্ব - ২

- ৩। অস্পৃশ্য চণ্ডাল কন্যার নারীত্বের জাগরণ এই নাটকে কিভাবে উন্মোচিত হয়েছে তা বিশ্লেষণ করে নাটকটির সার্থকতা নিরূপণ করো।

১৫

অথবা

উদ্দেশ্য প্রবণতা কাব্যধর্মিতা ও গানের ব্যবহার 'চণ্ডালিকা'র নাট্যধর্ম স্ফুল্ল করেছে কিনা তা আলোচনা দ্বারা স্পষ্ট করো।

- ৪। 'ছেঁড়াতার' নাটকে রহিমুদ্দি এবং হাকিমুদ্দি দুই বিপরীত মেরুর চরিত্র, আলোচনা করো।

১৫

অথবা

গণনাট্যের বৈশিষ্ট্যগুলি 'ছেঁড়াতার' নাটকে কতটা প্রতিফলিত হয়েছে — তা পর্যালোচনা করো।

পর্ব - ৩

- ৫। 'বঙ্গদর্শন' পত্রিকা দেশের কোন্ কোন্ সম্প্রদায়ের মধ্যে সম্প্রীতি গড়ে তুলতে চেয়েছে এবং কিভাবে?— আলোচনা করো।

১৫

অথবা

নব্যযুগের বাঙালী ছাত্ররা ডিরোজিওর প্রতি আকৃষ্ট হয়েছিল কেন?

- ৬। প্রাবন্ধিক 'সংস্কৃতির রূপান্তর' গ্রন্থে 'মুনাফার রাজনীতি' ও 'মানবতার রাজনীতি' বলতে কি বুঝিয়েছেন, আলোচনা করো। ১৫

অথবা

পুঁজিবাদের উদ্ভব এবং বর্তমানকালে পুঁজিবাদের অবস্থান সম্পর্কে প্রাবন্ধিকের দৃষ্টিভঙ্গী আলোচনা করো।

পর্ব - ৪

- ৭। 'চারইয়ারি কথা' গল্পটি চারটি গল্পের সমাহার হলেও ছোট গল্পের লক্ষণাত্মক — বিচার করো। ১৫

অথবা

'কলঙ্কিত সম্পর্ক' গল্পে মাখনবালার প্রতিবাদী চরিত্র চিত্রণে গল্পকার জগদীশ গুপ্তের কৃতিত্ব আলোচনা করো।

- ৮। ছোটগল্প হিসেবে 'দুই রাত্রি' গল্পটির শিল্পসার্থকতা সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো। ১৫

অথবা

'পলাতক ও অনুসরণকারী' এদেশের তারুণ্যের ওপরে নেমে আসা এক বিপর্যয়ের সাক্ষ্য বহন করে। — আলোচনা করো।



২০১৭

বাংলা

পঞ্চম পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রতিটি পর্ব থেকে অন্ততঃ একটি করে মোট ছ'টি প্রশ্নের উত্তর দাও।

১৫×৬=৯০

পর্ব : ১

- ১। 'জনা' নাটকের জনা ও নীলধ্বজ চরিত্র চিত্রণে নাট্যকারের সাফল্য ও ব্যর্থতা নির্ণয় করো। ১৫

অথবা

'জনা' নাটকটিকে কী সার্থক ট্রাজেডি বলা যায়?— নাটকের পরিণতি আলোচনা করে তোমার বক্তব্য প্রতিষ্ঠিত করো।

- ২। 'নুরজাহান' নাটকটি ঐতিহাসিক নাটক হিসাবে সফল— আলোচনা করো। ১৫

অথবা

"শের খাঁ এবং জাহাঙ্গীর এই দুই পুরুষের জীবন পরিণতির নিয়ামক নুরজাহান"— মন্তব্যটি বিশ্লেষণ করো।

পর্ব : ২

- ৩। 'চণ্ডালিকা' নাটকে মা ও মেয়ের সংস্কার ও অন্তর্দ্বন্দ্বের স্বরূপ ব্যাখ্যা করো। ১৫

অথবা

'চণ্ডালিকা' নাটকটির গঠন ও নামকরণের সার্থকতা স্পষ্ট করো।

- ৪। 'ছেঁড়া তার'— নাটকের সংলাপ সৃজনে দৃষ্টান্তসহ নাট্যকারের সাফল্য ও ব্যর্থতার সার্বিক মূল্যায়ন করো। ১৫

অথবা

'ছেঁড়া তার' নাটকে ফুলজানের জীবনের সংকট কিভাবে ঘনীভূত হয়েছে এবং একারণে ফুলজান কতখানি দায়ী তা নিরূপণ করো।

পর্ব : ৩

- ৫। মানবকল্যাণ ধর্মে ব্রতী ডেভিড হেয়ারের কল্যাণকর্মের তালিকা দাও এবং কেন বাঙালী জাতির ইতিহাসে তিনি চিরস্মরণীয় হয়ে থাকবেন তা জানাও। ১৫

অথবা

যাত্রার উৎপত্তির ইতিহাসটি লিপিবদ্ধ করো এবং পূর্বেকার যাত্রাপালার দর্শক-সমাজে কিভাবে কথা বা সুর পৌঁছে দেওয়া হতো তা বিবৃত করো।



৬। সংস্কৃতির সংজ্ঞা নিরূপণ করে তার তিন অঙ্গের পরিচয় দাও।

১৫

অথবা

সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গি সম্পর্কে প্রাবন্ধিক গোপাল হালদারের ভাবনার বিস্তৃত পরিচয় দাও।

পর্ব : ৪

৭। 'চিকিৎসা সঙ্কট' গল্পে লেখকের পরিস্থিতি নির্মাণ কৌশল ও হাস্যরস সৃষ্টির কৃতিত্ব নিরূপণ করো।

১৫

অথবা

নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'ভাঙা চশমা' গল্পটিতে শহুরে উচ্চশিক্ষিত স্কুলের শিক্ষকের মূল্যবোধের সংকট কিভাবে সূচিত হয়েছে তা বিশ্লেষণ করো।

৮। 'জননী' গল্পটিকে লেখকের জীবনদর্শন কিভাবে প্রভাবিত করেছে তা আলোচনার দ্বারা ব্যক্ত করো।

১৫

অথবা

জীবন সংগ্রাম, শ্রমের মহত্ব, মানব সম্পর্কের অপ্রতিরোধ্য আবেগই গল্পটির মূল বিষয়। 'পাড়ি' গল্প সম্পর্কে অষ্টা সমরেশ বসুর এই মন্তব্যটি ব্যাখ্যা করো।